UNIVERSITY OF UTAH
SCHOOL OF MEDICINE

গবেষণায় অংশগ্রহণকারী স্বেচ্ছাসেবকের

# বিল অফ রাইটস

প্রতিটি মানুষের অধিকার রয়েছে। ইউনিভার্সিটি অফ ইউটা এর গবেষকগণ চান যে আপনি আপনার অধিকার সম্পর্কে সচেতন হন।

আপনার বা আপনার প্রিয়জনের অধিকার রয়েছে:

কেন গবেষণা অধ্যয়নটি করা হচ্ছে তা জানা।

আপনার নিয়মিত পরিচর্যা থেকে কী আলাদা হবে এবং কী একই রকম হবে তা জানা।

যেকোনো অস্বস্তি সহ, ঝুঁকি এবং পার্শ্ব-প্রতিক্রিয়াগুলো কী তা জানা।

গবেষণা অধ্যয়নে অংশ নেওয়ায় আপনার জন্য কোনো সুবিধা আছে কিনা এবং সেগুলো কী তা জানা।

আপনার সমস্ত বিকল্পগুলো এবং সেগুলোর ঝুঁকি ও সুবিধাদি সম্পর্কে জানা।

গবেষণা অধ্যয়নে অংশ নেওয়ার কারণে পাওয়া আঘাত বা জটিলতার ক্ষেত্রে আপনার জন্য কী চিকিৎসা সেবা পাওয়া যাবে তা জানা।

অংশগ্রহণ করা আপনার জন্য সঠিক কিনা সেই সিদ্ধান্ত নিতে আপনার সময় নেওয়া।

গবেষণা অধ্যয়নের আগে এবং তা চলাকালীন প্রশ্ন জিজ্ঞাসা করতে সময় নেওয়া।

যেকোনো সময় গবেষণা অধ্যয়নে অংশগ্রহণ না করতে মনঃস্থ করা। আপনি যদি গবেষণা অধ্যয়নে অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নেন, তাতে আপনার চিকিৎসা সেবার অধিকারের উপর প্রভাব পড়বে না।

চাপ বা বলপ্রয়োগ ছাড়া আপনার সিদ্ধান্ত নেওয়া।

স্বাক্ষর এবং তারিখ সম্বলিত সম্মতি ফর্মের একটি কপি পাওয়া।

আপনার অধিকার, বা কোনো প্রিয়জনের অধিকার সম্পর্কে আপনার যদি কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকে, অনুগ্রহ করে আপনার রিসার্চ ডক্টরের সাথে যোগাযোগ করুন।

এছাড়াও আপনি (801) 581-3655 নম্বরে ইউনিভার্সিটি অব ইউটা ইনস্টিটিউশনাল রিভিউ বোর্ড (আইআরবি) –এর সাথে অথবা (801) 581-3803 নম্বরে রিসার্চ পার্টিসিপেন্ট অ্যাডভোকেট –এর সাথে যোগাযোগ করতে পারেন।






